

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০২৩.২১.৯৮৬

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ওয়েব-সাইট মনিটরিং কমিটি গঠনকরণ।

সূত্র: খাদ্য মন্ত্রণালয়ের গত ৩১/১০/২০২৪খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্য-বিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আওতাধীন দপ্তর সংস্থার ওয়েব-সাইট হালনাগাদ সংক্রান্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- (১) "খাদ্য অধিদপ্তর এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এবং আওতাধীন সকল দপ্তরের জেলা কার্যালয় পর্যন্ত ওয়েব-সাইট মনিটরিং কমিটি গঠন করতে হবে এবং প্রতি ৩ মাসে একবার কমিটি'র সভা করে মনিটরিং রিপোর্ট প্রেরণ করতে হবে"।
- (২) "খাদ্য অধিদপ্তর এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের আঞ্চলিক কার্যালয়, মেট্রোপলিটন কার্যালয়সমূহ বিভাগী পর্যায়ের সরকারি অফিসের মেনু কাঠামো অনুযায়ী এবং জেলা কার্যালয়সমূহ জেলা পর্যায়ের সরকারি অফিসের মেনু কাঠামো অনুযায়ী হালনাগাদ করতে হবে"।
- (৩) ওয়েব-সাইট হালনাগাদের সমস্যা সমাধানের জন্য পোর্টালের সাপোর্ট নম্বরসমূহ (০১৫৫০-৭০৩০৮১, ০১৫৫০-৭০৩০৮২, ০১৫৫০-৭০৩০৮৩ সকাল ৯:০০টা হতে রাত ৮:০০টা পর্যন্ত এবং ০১৫৫০-৭০৩০৮১ সরকারি ছুটির দিনে সকাল ১০:০০ হতে সন্ধ্যা ৬:০০টা পর্যন্ত) এবং Facebook Group-এর ব্যবহার করতে হবে (লিংক)।

তাই স্ব-স্ব ও আওতাধীন সকল দপ্তরের জন্য সভাপতি, সদস্য-সচিব ও ন্যূনতম একজন সদস্য-এর সমন্বয়ে ওয়েব-সাইট মনিটরিং কমিটি গঠন করা প্রয়োজন।

কমিটির কার্য-পরিধি:

- i. প্রতি ৩ (তিন) মাসে কমপক্ষে ১ (এক) বার ওয়েব-সাইট মনিটরিং কমিটির সভা আহবান করা এবং স্ব-স্ব ও আওতাধীন সকল দপ্তরের ওয়েব-সাইট হালনাগাদ কি-না পরীক্ষা করা। অতঃপর উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট মনিটরিং রিপোর্ট প্রেরণ।
- ii. মাসিক সমন্বয় সভায় স্ব-স্ব এবং আওতাধীন সকল দপ্তরের ওয়েব-সাইট হালনাগাদ প্রতিবেদন উপস্থাপন;
- iii. স্ব-স্ব এবং আওতাধীন দপ্তরের ওয়েব-সাইট হালনাগাদ নিশ্চিতকরণ-এ নির্দেশনা প্রদান; ও
- iv. প্রয়োজনে ওয়েব-সাইট হালনাগাদ বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন।

এমতাবস্থায়, আখানি, জেখানি, চসনি, ঢাকা রেশনিং, পোস্তুগোলা সরকারি ময়দার মিল, সাইলো প্রমুখ কার্যালয়-কে ওয়েব-সাইট মনিটরিং কমিটি গঠনপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্য-বিবরণী।

১১-১২-২০২৪
মঞ্জুর আলম
সিস্টেম এনালিস্ট
+৮৮-০২-৪১০৫২৯৯৭
sys@dgfood.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান মিলার (ভারপ্রাপ্ত), প্রধান মিলার এর দপ্তর, পোস্তুগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা।
- ২। প্রধান নিয়ন্ত্রক, প্রধান নিয়ন্ত্রক এর দপ্তর, ঢাকা রেশনিং, ঢাকা।
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, (সকল)।
- ৪। সাইলো অধীক্ষক (সকল), চট্টগ্রাম/আশুগঞ্জ/নারায়নগঞ্জ/সাত্তাহার/খুলনা/মোংলা সাইলো।।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)।
- ৬। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০২৩.২১.৯৮৬/১ (২)

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ২। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর [মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অবগতির জন্য]।



১১-১২-২০২৪
মঞ্জুর আলম
সিস্টেম এনালিস্ট